# উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ১১-৩০ টা, তারিখ: ০১-০৮-২০২৪ খ্রিঃ

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ মাহফুজা আকতার | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৩ | মোঃ জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | মোঃ শাহজাহান আলী | বন কর্মকর্তা | সদস্য সচিব | |

CamScanner

# উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ মাহফুজা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ০১/০৮/২০২৪ ইং, রোজঃ বৃহস্পতিবার।
সময় ঃ সকাল ১১.৩০টা হতে বেলা ১২.৩০ পর্যন্ত।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষে, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | পরিবেশও বন কমিটির সভা | পীরগঞ্জ উপজেলায় ০৯টি করাতকল অবৈধভাবে স্থাপিত হয়েছে। এ সকল করাতকল মালিকগনকে সরকারী বিধি মোতাবেক অবৈধভাবে স্থাপিত করাতকলের লাইসেন্স করার জন্য বারবার তাগিদ দেওয়া এবং নোটিশ প্রদান করা হলেও মালিকগণ এর পরেও অবৈধভাবে স্থাপিত করাতকল লাইসেন্স না করিয়া করাতকল চালিয়ে যাচ্ছেন। মালিকগন এ ব্যাপারে সরকারী আইনকানুন তোয়াক্কা করছেন না। যাহার ফলে একদিকে যেমন সরকারী রাজস্ব ক্ষতিগ্রস্থ এবং অপরদিকে প্রশাসনিক জটিলতা সৃষ্টি হচ্ছে।ইহা ছাড়া পীরগঞ্জ উপজেলাধীন বৈধ এবং অবৈধ ইটভাটাগুলোতে গাছের জ্বালানী কাঠ ব্যবহার অব্যাহত রয়েছে। এতে করে পরিবেশের ভারসাম্য ক্ষতি হচ্ছে। এ লক্ষে অবৈধভাবে স্থাপিত করাতকল এবং ইটভাটা মালিকগনের বিরুদ্ধে প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহন করার বিস্তারিত আলোচনা হয়। | অবৈধভাবে স্থাপিত ০৯টি করাতকল এবং ইটভাটা মালিকগণের বিরুদ্ধে প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রশাসন ও পীরগঞ্জ বন বিভাগ। |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহফুজা আক্তার)
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
পরিবেশ ও বন কমিটি
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভারপ্রাপ্ত বন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জএস এফপিসি, ঠাকুরগাঁও।

স্মারক নং- ৫৩/পীর- তারিখঃ ১/০৮/২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান.........................ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৫। অফিস কপি।

১/৮/২৪

(মোঃ শাহজাহান আলী)
ভারপ্রাপ্ত বন কর্মকর্তা
ও
সদস্য সচিব
পরিবেশ ও বন কমিটি
পীরগঞ্জএস এফপিসি,ঠাকুরগাঁও।

CamScanner